



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

এ বোর্ডের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি উচ্চ বিদ্যালয়/উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে, ২০১৭ সনে নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের লক্ষ্যে ফিসমূহ সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় নিম্নেবর্ণিত জরুরি নির্দেশাবলি অনুসরণের পরামর্শ দেয়া হলো।

জরুরি নির্দেশাবলি

- ০১। বোর্ড রেগুলেশনের ৩৯(২) ধারা অনুযায়ী ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে কোন ছাত্র-ছাত্রী নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না;
- ০২। জনপ্রতি রেজিস্ট্রেশন ফি : ক) বিলম্ব ফি ব্যতিত জনপ্রতি ১৩৩/- (একশত তেত্রিশ) টাকা ও
খ) বিলম্ব ফিসহ জনপ্রতি ২৭৩/- (দুইশত তিয়াত্তর) টাকা মাত্র;
- ০৩। বিলম্ব ফি জনপ্রতি : ১৪০/- (একশত চল্লিশ) টাকা মাত্র;
- ০৪। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে না;
- ০৫। ঢাকা বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF SSC-তে ক্লিক করলে Payable Fees of SSC 2017 Registration-এ Applicant name, Mobile no. এবং Number of Student দিয়ে Print sonali slip-এ ক্লিক করে সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে (বিঃ দ্রঃ- ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না)। ব্যাংকে ২৪ ঘন্টার মধ্যে পেমেন্ট ক্রিয়ার করলে নির্ধারিত সময়ে পুনরায় সোনালী সেবার স্লিপ বের করা যাবে;
- ০৬। ফি জমাদানের জন্য বোর্ডে আসার প্রয়োজন নেই;
- ০৭। ব্যাংকে টাকা জমাদানের ২৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান eSIF পূরণ শুরু করতে পারবে;
- ০৮। ছাত্র-ছাত্রীর পিতা ও মাতার নামের পূর্বে Mr., Mrs., Late, Major, Colonel, Brigadier, Dr. ইত্যাদি এবং নামের শেষে পদবি ছাড়া MA, BA, FRCS ইত্যাদি ব্যবহার করা যাবে না;
- ০৯। ফি জমাদান ও eSIF পূরণের তারিখ : জরিমানা ছাড়া ২৩ মে ২০১৭ থেকে ০৮ জুন ২০১৭ পর্যন্ত এবং জরিমানাসহ ১১ জুন ২০১৭ থেকে ১৮ জুন ২০১৭ পর্যন্ত;
- ১০। রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য ফি নিম্নরূপ :

ছাত্র- ছাত্রীর সংখ্যা	রেজিঃ ফি	ক্রীড়া ফি	বয়েজ স্কাউট/গার্লস গাইড ফি	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	রেড ক্রিসেন্ট ফি	বিএনসিসি ফি	বিলম্ব ফি	ফি-এর পরিমাণ	
								বিলম্ব ফি ব্যতিত	বিলম্ব ফিসহ
০১	৭০/-	৩০/-	১৫/-	৫/-	০৮/-*	০৫/-	১৪০/-	১৩৩/-	২৭৩/-

* শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীপ্রতি ২০/- (বিশ) টাকা হারে রেডক্রিসেন্ট ফি আদায় করবেন। এর মধ্যে ০৮/- (আট) টাকা রেডক্রিসেন্ট ফি হিসেবে অন্যান্য ফি-এর সাথে জমা দিতে হবে। অবশিষ্ট ১২/- (বার) টাকা শিক্ষা প্রতিষ্ঠানের রেডক্রিসেন্ট তহবিলে জমা হবে।

১১। শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্নের পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

এ.টি.এম. মইনুল হোসেন

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত
সকল শিক্ষা প্রতিষ্ঠান।

নং- ৬৪/জেএসসি/এসএসসি/রেজিঃ ও পরীঃ/৮৯৯৭(৯)

তারিখ : ১৭/০৫/২০১৭

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। উপপরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। উপপরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। হিসাবরক্ষণ অফিসার (হিসাব আয়), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। সংশ্লিষ্ট শাখার সকল কর্মকর্তা ও কর্মচারী, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

Atkins
17.05.17

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

Atkins
১৭/০৫/১৭